

উপজেলা সমবায় কার্যালয় মোল্লাহাট, বাগেরহাট এর সফল সমবায় সমিতির সাফল্যগাথা/ সচিএ প্রতিবেদন।

সমিতির নামঃ প্রগতি নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ

সমিতির ঠিকানাঃ গ্রামঃ চাউলটুরী, ডাকঘরঃ চাউলটুরী, উপজেলাঃ মোল্লাহাট, বাগেরহাট।

রেজিস্ট্রেশন নং ও তারিখ-১৫,১৭/০৯/২০১৭ খ্রিঃ।

১. ভূমিকা: বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলার চাউলটুরী গ্রামে গঠিত প্রগতি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এলাকার আর্থিক-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। সমবায় সমিতির আদর্শ নীতির ভিত্তিতে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সমিতির সদস্যদের উন্নত জাতের গাভী পালন, দুগ্ধ উৎপাদন করে। সমবায় সমিতির আদর্শ ও নীতির ভিত্তিতে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সদস্যদের অর্থনৈতিক উন্নতি সাধন করা। সদস্যদের আর্থিক উন্নতি সাধনের লক্ষ্যে আয় বৃদ্ধির জন্য সমষ্টিগত প্রচেষ্টা গ্রহণে উৎসাহিত করা। সদস্যদের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়িয়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় আমানত জমা রাখা ও সমিতির শেষার ক্রয়ের দ্বারা মূলধন গঠনে উৎসাহিত করা। সম্মিলিতভাবে সংগঠনের আওতায় সমবায়ের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাগণ উন্নত জাতের গাভী লালন-পালনের মাধ্যমে তাদের জীবনযাত্রার মানোন্নয়নসহ তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটান।

২. সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচী: সমিতির সদস্য সংখ্যা শুরুতেই ২৫ জন ছিল। বর্তমান সমিতিতে সদস্য সংখ্যা ১০০ জন। প্রকল্প পরিচালক “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রাম মান উন্নয়ন” প্রকল্পের থেকে প্রত্যেক সদস্য ১২০০০০/- টাকা ঋণ গ্রহণ করে ২টি করে উন্নত জাতের গাভী ক্রয় করে লালন পালন করছে। এছাড়া সদস্য পর্যায়ে হাঁস মুরগী ও মৎস্য চাষ ইত্যাদি কার্যক্রম পালন করে থাকে।

৩. কার্যক্রমের বর্ণনা: “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রাম মান উন্নয়ন” প্রকল্পের থেকে সদস্যগণ ঋণ গ্রহণ করে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন করেছে। সদস্যগণ সনির্ভরতা বৃদ্ধি করেছে এবং বিক্রিত দুধ থেকে আর্জিত অর্থদিয়ে ছেলে মেয়েদের পড়াশুনার খরচ বহন করেছে এবং তার নিজের খরচের জন্য অন্যের উপর নির্ভরশীলতা হ্রাস করেছে।

৪. বিগত বছর গুলোর উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনা: সমিতিটি বিগত বছর গুলোতে ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে সদস্যদের কে কর্মমুখী করেছে। সমিতির ক্ষুদ্র ঋণের মাধ্যমে সদস্যরা মৎস্যচাষ, হাঁস-মুরগী পালন, দর্জিকাজ ও গাভী পালন করে নিজেরা স্বাভলম্বী হচ্ছে।।

৫. কেস স্টাডি: সমিতির অডিট নোট প্রতিবেদ এর আলোকে দেখা যায় সমিতিটি “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রাম মান উন্নয়ন” প্রকল্পে গাভী পালন করে অর্থনৈতিক ভাবে স্বাভলম্বীতা লাভ করেছে।

৬. কিভাবে সফল হলো তার বর্ণনা: সমিতিটি ২০১৫ খ্রি: তারিখ হতে ২৫ জন সদস্য নিয়ে সমিতির কার্যক্রম শুরু করে। পরবর্তীতে সমিতির সদস্য সংখ্যা ১০০ জন। ব্যবস্থাপনা কমিটির পরিশ্রম ও সচ্ছতা জবাব দিহীতা মূলক পরিচালনার ফলে সমিতিটি বিভিন্ন রকম কার্যক্রম যেমন, সবজি চাষ, মৎস্য চাষ, হাঁস-মুরগী পালন গাভী পালন করে লাভবান হয়েছে ফলে সদস্য ও সমিতির সফলতা অর্জন করেছে।

৭. লভ্যাংশ বিতরণ ও সিডিএফ আদায়: লভ্যাংশ বিতরণ করা হয়নি এবং সিডিএফ ৫৪ টাকা আদায় করা হয়েছে।

৮. অডিট সম্পর্কিত তথ্য: সমবায় আইন ও বিধি মোতাবেক আলোচ্য সমবায় সমিতিটি প্রতি বছর যথাসময়ে অডিট সম্পন্ন হয়ে থাকে এবং সমিতি কর্তৃপক্ষ অডিট কাজে সার্বিক সহযোগিতা করে থাকেন।

৯. ব্যাংক ও অন্যান্য তথ্য: সমিতিটির রুপালী ব্যাংক মোল্লাহাট বাগেরহাট শাখায় একটি সঞ্চয়ী হিসাব আছে যার হিসাব নম্বর ২৯১৫০১০০১৪২৪৭। উক্ত হিসাবে ৩,৩৭,১৩৩/- টাকা জমা আছে।

১০. আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা: গ্রামে দুগ্ধ উৎপাদনকারী সমিতি গঠন করে সদস্যভুক্ত মহিলাদের আর্থিক উন্নয়ন ঘটেছে।



চিত্র: প্রকল্প বিষয়ক প্রশিক্ষণ দিচ্ছেন জনাব মো: মিজানুর রহমান, যুগ্ম নিবন্ধক , বিভাগীয় সমবায় কার্যালয় , খুলনা এবং জনাব শেখ ফজলুল করিম, জেলা সমবায় অফিসার বাগেরহাট। উপস্থিত আছেন জনাব আশুতোষ কুমার মল্লিক , উপজেলা সমবায় অফিসার, মোল্লাহাট, বাগেরহাট এবং জনাব মনিরুল ইসলাম, ফ্যাসিলিটেটর , উপজেলা সমবায় কার্যালয় মোল্লাহাট, বাগেরহাট।



চিত্র: প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে ঋণের চেক বিতরণ করছেন জনাব মাফফারা ভাসনীন, উপজেলা নির্বাহী অফিসার মোল্লাহাট, বাগেরহাট এবং জনাব আশুতোষ কুমার মল্লিক, উপজেলা সমায় অফিসার, মোল্লাহাট, বাগেরহাট।



চিত্র: প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে ঋণের চেক বিতরণ করছেন জনাব সেলিম মোল্লা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মোল্লাহাট, বাগেরহাট এবং জনাব আশুতোষ কুমার মল্লিক, উপজেলা সমায় অফিসার মোল্লাহাট, বাগেরহাট।



চিত্র: প্রগতি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর সুবিধাভোগী সদস্য জনাব বুলু বাঁড়ে তার গাভী পরিচর্যা করছেন।



চিত্র: প্রগতি নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর সুবিধাভোগী সদস্য তার গাভী পরিচর্যা করছেন।